



৩ কোটি মানুষের শহরে অনিরাপত্তায় বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান



সংগৃহীত ছবি

বাংলাদেশের রাজধানী ঢাকা—একটি ঘনবসতিপূর্ণ মহানগরী, যেখানে প্রতিনিয়ত বাড়ছে জনসংখ্যা, বাড়ছে উঁচু ভবনের সংখ্যা, স্কুল-কলেজ, হাসপাতাল আর বসতি। ঠিক এমন এক বাস্তবতায়ও এই শহরের আকাশে উড়ছে প্রশিক্ষণ বিমান। আর তার ভয়াবহ পরিণতি দেখা গেল আজ উত্তরায়, যেখানে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে প্রাণ গেল ১৯ জনের, আহত হলো অর্ধশতাধিক। ঘটনাটি বড় করে সামনে এনে দিয়েছে একটি পুরনো কিন্তু উপেক্ষিত প্রশ্ন—কেন ৩ কোটি মানুষের জীবনের ঝুঁকি নিয়ে রাজধানীর আকাশে প্রশিক্ষণ বিমান ওড়ানো হচ্ছে?

ঢাকার আকাশে দীর্ঘদিন ধরেই দেখা যায় যুদ্ধবিমান ও প্রশিক্ষণ বিমানের চলাচল। সাধারণত বিমানবাহিনীর ঘাঁটিগুলোর (যেমন: তেজগাঁও, বাশার ঘাঁটি) সংলগ্ন এলাকায় কম উচ্চতায় বিমান চলাচল লক্ষ্য করা যায়। কিন্তু প্রশিক্ষণ বিমানের মতো ঝুঁকিপূর্ণ যানবাহন এত ঘনবসতিপূর্ণ এলাকায় উড়ানো কতটা যৌক্তিক, তা এখন সবার মনেই প্রশ্ন জাগাচ্ছে।

উত্তরায় প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় সাধারণ মানুষের মধ্যে চরম উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। কেউ বলছেন, স্কুলে সন্তান পাঠাতেও এখন ভয় লাগে। আবার কেউ প্রশ্ন তুলছেন, প্রতিনিয়ত মাথার ওপর দিয়ে যাওয়া এই যুদ্ধবিমানের আওয়াজই কি বিপদের পূর্বাভাস নয়? রাজধানীর আকাশে প্রশিক্ষণ বিমানের উড্ডয়ন, বারবার দুর্ঘটনা আর বারবার তদন্ত—কিন্তু ফলাফল নেই। নিরাপত্তার এমন অনিশ্চয়তা শুধু মানসিক চাপই বাড়ায় না, নাগরিক জীবনের মৌলিক অধিকারকেই প্রশ্নবিদ্ধ করে। মানুষ এখন জানতে চায়—এই শহরে কি তারা সত্যিই নিরাপদ? নিরাপদ আকাশ নিয়ে। মানুষের জীবনের নিরাপত্তা নেই। চরম আতঙ্কে রাজধানীবাসী।